□□□□□□□□□

BIMAN FLIGHT CATERING CENTER

Job Category: Administration/General Management

Job Source: □□□□□ □□□□□□□□□

Job Summary

Posted On: 5 Nov 2024

Application Deadline:18 Nov 2024

BFCC

Biman Flight Catering Centre বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার

সূত্র : ৩০.৩৪.০০০০.০৬৩.২৪.০০২.২০২৪.

তারিখ : ০৪-১১-২০২৪ খ্রি.

ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তি

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টারের অপারেশন শাখায় পেন্ট্রিম্যান পদে সম্মানী প্রদান পূর্বক শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন ভর্তির লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত পূরনকারী উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১। বিএফসিসি'র অপারেশন শাখায় পেন্ট্রিম্যান পদে শুধুমাত্র ০৬ মাসের জন্য ইন্টার্ন হিসেবে ভর্তি করা হবে।

০২। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে দৈনিক হাজিরা সাপেক্ষে ৬০০/- (ছয়শত) টাকা হারে সম্মানী প্রদান করা হবে। নির্ধারিত সম্মানী ব্যতীত অন্য কোন ভাতাদি প্রাপ্য হবেন না।

০৩। রোষ্টার মোতাবেক দৈনিক ০৮ ঘন্টা ডিউটি সম্পন্ন করতে হবে।

০৪। প্রত্যেক প্রার্থীকে কমপক্ষে এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ১৮-১১-২০২৪ খ্রি. তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বছর (মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর) হতে হবে।

০৫। প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা থাকতে হবে:-

ক) উচ্চতা: পুরুষ - কমপক্ষে ৫ ফুট ৬ ইঞ্চি

মহিলা - কমপক্ষে ৫ ফুট ৪ ইঞ্চি

খ) বিএমআই (BMI) - ১৮.৫ হতে ২৪.৯

গ) সুঠাম দেহের অধিকারী হতে হবে।

০৬। চূড়ান্তভাবে নির্বাচিত ইন্টার্নকে বিএফসিসিতে ভর্তির সময় পুলিশ ক্লিয়ারেন্স রিপোর্ট বাধ্যতামূলকভাবে সংগে আনতে হবে।

০৭। প্রত্যেক নির্বাচিত ইন্টার্নকে ভর্তির পূর্বে বিমান মেডিকেল হতে শারীরিক ফিটনেস সংগ্রহ করতে হবে।

০৮। আবেদনপত্রে নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, ১৮-১১-২০২৪ খ্রিঃ তারিখে বয়স, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, উচ্চতা, ধর্ম, জাতীয়তা, মোবাইল নাম্বার, ই-মেইল নাম্বার, জাতীয় পরিচয় পত্র নাম্বার, জন্ম সনদ নাম্বার, বৈবাহিক অবস্থা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পোষ্য কিনা তা' উল্লেখ করতে হবে ।

০৯। আবেদনপত্রের সহিত ০৩ কপি পাসপোর্ট সাইজ ও ০৩ কপি ষ্ট্যাম্প সাইজ ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ, NID কার্ড/জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ (মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১০। দাখিলকৃত কাগজপত্র এবং ছবি ১ম শ্রেনীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে।

১১। ইতোপূর্বে অপারেশন শাখায় ইন্টার্ন হিসেবে ০২ (দুই) বার ভর্তিকৃত প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই।

১২। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ এবং ইন্টার্ন ভর্তি বিজ্ঞপ্তিতে প্রকাশিত ন্যূনতম যোগ্যতা যেমন-বয়স, শিক্ষাগত যোগ্যতা, জেলা ও স্থায়ী ঠিকানা ইত্যাদি যে কোন বিষয়ে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দ্বারা পূরনকৃত আবেদন ভর্তির যে কোন পর্যায়ে বাতিল বলে গণ্য হবে।

১৩। আগামী ১৮-১১-২০২৪ খ্রি. তারিখ বিকাল ১৭০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র ব্যবস্থাপক প্রশাসন, বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা বরাবর নির্ধারিত বাক্সে জমা করতে হবে।

১৪। এ ভর্তি সংক্রান্ত কার্যক্রম যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার এর পক্ষে-

ব্যবস্থাপক প্রশাসন, বিএফসিসি।